



হরমুজ প্রণালিতে নিয়ন্ত্রণ বাড়াল ইরান, বাড়ছে বৈশ্বিক উদ্বেগ



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ সামুদ্রিক বাণিজ্যপথ হরমুজ প্রণালিতে নিয়ন্ত্রণ আরও কঠোর করেছে ইরান। দেশটির 'পার্সিয়ান গালফ স্ট্রেট অথরিটি' প্রণালির একটি অংশকে বিশেষ নিয়ন্ত্রিত সমুদ্র অঞ্চল ঘোষণা করেছে।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, এখন থেকে এই অঞ্চলের মধ্য দিয়ে চলাচলকারী আন্তর্জাতিক বাণিজ্যিক জাহাজ ও নৌযানকে ইরানি কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে। পাশাপাশি যাত্রাপথে সমন্বয় করাও বাধ্যতামূলক করা হয়েছে।

ইরান জানিয়েছে, নির্ধারিত জলসীমার ভেতরে যেকোনো ট্রানজিট কার্যক্রম তাদের অনুমোদন ছাড়া পরিচালনা করা যাবে না। বিশ্লেষকদের মতে, এই পদক্ষেপ আন্তর্জাতিক সমুদ্রপথে অবাধ চলাচলের প্রচলিত নীতির সঙ্গে নতুন করে উত্তেজনা তৈরি করতে পারে।

হরমুজ প্রণালি মধ্যপ্রাচ্যের তেল রপ্তানির প্রধান রুট হিসেবে পরিচিত। সৌদি আরব, ইরাক, কুয়েত ও সংযুক্ত আরব আমিরাতসহ উপসাগরীয় দেশগুলোর বিপুল পরিমাণ জ্বালানি এই পথ দিয়েই বিশ্ববাজারে পৌঁছে থাকে। প্রতিদিন বৈশ্বিক তেল সরবরাহের বড় একটি অংশ এই প্রণালির ওপর নির্ভরশীল।

বিশেষজ্ঞদের আশঙ্কা, ইরানের এই কড়াকড়ি বৈশ্বিক জ্বালানি বাজারে নতুন অস্থিরতা তৈরি করতে পারে। একই সঙ্গে তেলের দাম বৃদ্ধি ও সামুদ্রিক নিরাপত্তা নিয়ে আন্তর্জাতিক মহলে উদ্বেগ আরও বাড়তে পারে।

সূত্র: আল-জাজিরা।